



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

([www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd))

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৭/২৪১৪

তারিখঃ ২০ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ  
০২ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭ সালের এসএসসি পরীক্ষার প্রধান পরীক্ষক ও পরীক্ষক নিয়োগ এবং অপারগতা সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,

ক) ২০১৭ সালের এসএসসি পরীক্ষার প্রধান পরীক্ষক এবং পরীক্ষক নিয়োগ প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণকে তাদের মোবাইল ফোনে প্রাপ্ত এসএমএস অনুসারে নিয়োগ ও স্বীকৃতিপত্র সংগ্রহ করে নির্ধারিত তারিখে প্রধান পরীক্ষক সভা/ পরীক্ষক প্রশিক্ষণ সভায় যথাসময় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

খ) ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় যারা প্রধান পরীক্ষক ও পরীক্ষক হিসাবে নিয়োগ পেয়েছেন তাঁদের দায়িত্ব পালন করা বাধ্যতামূলক। যদি কোনো কারণে উক্ত দায়িত্ব পালনে অপারগ হন তাহলে উপর্যুক্ত কারণের পক্ষে প্রয়োজনীয় প্রমানপত্রসহ আবেদন (যেমন : সন্তান পরীক্ষার্থী হলে সন্তানের প্রবেশপত্রের ফটোকপি প্রধান পরীক্ষকগণের জন্য এবং অসুস্থ থাকলে ডাক্তারের প্রত্যয়নপত্র প্রধান পরীক্ষক ও পরীক্ষকগণের জন্য) মোবাইল ফোনে প্রাপ্ত এসএমএস পাওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

*R. Wah*  
2.2.17

প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম-৯৭৭২

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)